

বিজ্ঞপ্তি

তারিখ : .....

অত্র মেডিকেল কলেজের শেষ বৃত্তিমূলক এমবিবিএস নভেম্বর-২০১৯ পরীক্ষায় অকৃতকার্য ছাত্র-ছাত্রীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের সাপ্লীমেন্টারী (মে-২০২০ ও জুলাই-২০২০) পরীক্ষা সম্ভাব্য ১৭/১০/২০২০ ইং তারিখ হতে শুরু হবে। উক্ত পরীক্ষার ফরম পূরণের জন্য ২৭/০৯/২০২০ ইং তারিখ নির্ধারণ করা হয়েছে। সকল শিক্ষার্থীকে নিম্নলিখিত শর্ত স্বাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২১/০৯/২০২০ ইং তারিখ হতে ২৫/০৯/২০২০ ইং তারিখ সকাল ৯.০০ টা ঘটিকা হতে ১০.০০ ঘটিকার মধ্যে কলেজ অফিসে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো। কলেজ কর্তৃপক্ষ তাঁদের হোস্টেলে নির্ধারিত আবাসন ব্যবস্থা সহ সকল স্বাস্থ্য বিধি নিশ্চিত করবেন।

শর্তাবলী :-

- ১। সকাল ৯.০০ ঘটিকা হতে ১০.০০ ঘটিকার মধ্যে কলেজ অফিসে আসবেন। কর্তৃপক্ষ কর্তৃক COVID-19 এর নমুনা সংগ্রহ করার পর হোস্টেলে আপনার নির্ধারিত রুমে যাবেন, সার্বক্ষণিক হোস্টেলে অবস্থান করবেন। জরুরী প্রয়োজন ছাড়া আপনার রুম ত্যাগ করবেন না। Test Result +Ve হলে Student Cabin এ Isolation থাকবেন।
- ২। আপনি এবং আপনার অভিভাবক এই মর্মে মুচলেকা প্রদান করবেন যে, আপনি শুধুমাত্র পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য কলেজে এসেছেন, বিদ্যমান করোনা মহামারীতে আক্রান্ত হলে অথবা কোন জটিলতা সৃষ্টি হলে এর জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৩। স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নীতিমালা মোতাবেক করোনার স্বাস্থ্য বিধি যথাযথ ভাবে মেনে চলতে হবে এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক হোস্টেলে অবস্থান করতে হবে।

(অধ্যাপক ডা. মোঃ নওশাদ আলী)

অধ্যক্ষ,

রাজশাহী মেডিকেল কলেজ।

তারিখ :- ২০/১০/২০

স্মারক নং-রামেক/২০২০/.....

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ২। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ৩। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
- ৪। উপাধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ।
- ৫। বিভাগীয় প্রধান . . . . . বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ।
- ৬। বিভাগীয় প্রধান ভাইরোলজী বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ। সংযুক্ত তালিকা মোতাবেক COVID-19 এর নমুনা সংগ্রহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ৭। হল তত্ত্বাবধায়ক/সহকারী হল তত্ত্বাবধায়ক, রাজশাহী মেডিকেল কলেজ।
- ৮। সেক্রেটারী, রাজশাহী মেডিকেল কলেজ।
- ৯। সকল নোটিশ বোর্ড, রাজশাহী মেডিকেল কলেজ।
- ১০। দপ্তর নথি।

অধ্যক্ষ,

রাজশাহী মেডিকেল কলেজ।

ফোন নং-০৭২১-৭৭২১৫০

২০/১০/২০